গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও পরিকল্পনা
গৃহ নির্মাণ ঋণ শাখা-৩
www.mof.gov.bd

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.২০৯.০২.০১৩৪.২৬.৩৩৮

তারিখ: ১২ কার্তিক ১৪৩৩ / ২৮ অক্টোবর ২০২৬

বিষয়: **মোঃ নূর আলম, লোকেমোটিভ মাস্টার গ্রেড-২, বিভাগীয় যন্ত্র প্রকৌশলীর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট-এর অনুকূলে গৃহ নির্মাণ ঋণ প্রদানে অর্থ বিভাগের সম্মতি এবং সরকার প্রদত্ত সুদ ভর্তুকির সাময়িক মঞ্জুরি আদেশ।**

সূত্র: রেলপথ মন্ত্রণালয় স্মারক: ৫৪.০০.০০০০.০০০.০৪০.০২.০০২১.২১.৭০০, ০৮ অক্টোবর ২০২৬

সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদানের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৭/১০/২০২১ তারিখের ০৭.০০.০০০০.২০৭.২২.০০১.২১-৮১৬ নম্বর পরিপত্র অনুযায়ী বাস্তবায়নকারী সংস্থার ২২/০২/২০২৬ তারিখের ৫৩.১৪.০০০০.১২০.৩৩৯.০০৩.২২(৪)-৬৬৩০ নং স্মারকে প্রস্তাবিত ঋণগ্রহীতার অনুকূলে নিম্নে বর্ণিত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে ছকে উল্লিখিত তথ্য অনুযায়ী ঋণ প্রদানের বিষয়ে নির্দেশক্রমে সম্মতি এবং সুদ ভর্তুকি প্রদানের সাময়িক মঞ্জুরি জ্ঞাপন করা হলোঃ

প্রস্তাবিত ঋণগ্রহীতার নাম ও NID	মোঃ নূর আলম, NID-19772727707424755
ঋণ প্রদানকারী সংস্থা ও ব্যাংক হিসাবের তথ্য	বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোঃ, (ডাচ-বাংলা ব্যাংক লিঃ, লালমনিরহাট শাখা) রাউটিং নং-০৯০৫২০৪৬৬, ব্যাংক একাউন্ট-২৯৪১৫৭০৫০২২৬০
প্রস্তাবিত ঋণের পরিমাণ	৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকা
ঋণ আবেদনের কারণ	বাড়ি নির্মাণ
প্রস্তাবিত ঋণের ধরণ	একক
মাসিক সুদ ভর্তুকির পরিমাণ	**১৩,১১২/-(তেরো হাজার একশত বারো) টাকা** (চূড়ান্ত মঞ্জুরি অনুযায়ী পরিবর্তন সাপেক্ষে)
মোট সুদ ভর্তুকির পরিমাণ	১৫,৯৯,৭১৮/-(পনেরো লক্ষ নিরানব্বই হাজার) টাকা (চূড়ান্ত মঞ্জুরি অনুযায়ী পরিবর্তন সাপেক্ষে)
সুদ ভর্তুকি সমাপ্তির তারিখ	পিআরএল সমাপ্তির তারিখ: ১৭/০৪/২০৩৭
সর্বশেষ ভর্তুকি প্রদানের মাস	**মার্চ, ২০৩৭**

শর্তাবলীঃ

(ক) অর্থ বিভাগের অনুমোদনের পর এ বিভাগের পূর্বসম্মতি ব্যতিত ঋণ পরিশোধের তফসিল পরিবর্তন করা যাবে না।

(খ) চূড়ান্ত তফসিল মোতাবেক যে মাস হতে ঋণের কিস্তি পরিশোধ আরম্ভ হবে তার পূর্ববর্তী মাসের বেতন বিলের সাথে তাঁর অনুকূলে প্রদেয় সুদ ভর্তুকির অর্থ প্রদান আরম্ভ হবে।

(গ) সুদ ভর্তুকি বাবদ প্রদেয় অর্থ এ বিভাগের পরিচালন বাজেটের আওতায় **"১০৯০১০১১০১৪৩৫-১২০০০০৬০৩-৩৫১২১০৩-** সরকারি কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণের সুদের উপর ভর্তুকি**"** কোড হতে পরিশোধ করা হবে।

(ঘ) ফ্ল্যাটক্রয় ঋণের ক্ষেত্রে ফ্ল্যাট বিক্রেতার অনুকূলে ঋণের অর্থ বিতরণ করা হবে এবং ঋণগ্রহীতার নামীয় ব্যাংক হিসাব এর মাধ্যমে ঋণ পরিশোধের মাসিক কিস্তির অর্থ আদায়সহ তাঁর বেতন/ভাত/পেনশন সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে। গৃহনির্মাণ ঋণ এর ক্ষেত্রে নীতিমালার ৪(ঘ) অনুচ্ছেদ অনুসারে প্রস্তাবিত ঋণগ্রহীতার নামীয় ব্যাংক হিসাব নম্বর এর মাধ্যমে ঋণ বিতরণ ও ঋণের মাসিক কিস্তির টাকা আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে।

(ঙ) প্রস্তাবিত ঋণগ্রহীতাকে এ মর্মে ব্যাংকের নির্ধারিত ফরমে ক্ষমতা প্রদান করতে হবে যে, "তাঁর ব্যাংক হিসাবে জমাকৃত মাসিক বেতন থেকে তফসিলে বর্ণিত ঋণের কিস্তির (আসল+সুদ) সমপরিমাণ টাকা কিস্তি হিসেবে কর্তনের পর অবশিষ্ট অর্থ তিনি উত্তোলন করবেন"।

(চ) রেজিস্ট্রেশনের সময় ঋণগ্রহীতা অন্ততপক্ষে ঋণের প্রকৃতমূল্য দলিলে প্রদর্শন করবেন ।

(ছ) ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ঋণ প্রদানের জন্য ডেট ইক্যুইটি অনুপাত ৯০:১০ অনুসরণ করতে হবে এবং রেজিস্ট্রিকৃত দলিলের মূল্য কোনক্রমেই গৃহীত ঋণের কম হবে না।

(জ) ঋণগ্রহীতা সুদ ভর্তুকির আবেদনের সাথে রিপেমেন্ট শিডিউল, ক্রয়/মালিকানা/লিজ দলিল ও বন্ধকী দলিল/ত্রি-পক্ষীয় চুক্তি দলিলের কপি অর্থ বিভাগে প্রেরণ করবেন।

(ঝ) ঋণগ্রহীতা ঋণের মেয়াদ পূর্তির তারিখ অথবা অবসর গ্রহণের ক্ষেত্রে পিআরএল সমাপ্তির তারিখ এর মধ্যে যেটি আগে সেই পর্যন্ত সরকার প্রদত্ত

সুদ বাবদ ভর্তুকি সুবিধা প্রাপ্য হবেন। অবসর গ্রহণের পর ঋণের কিস্তি অপরিশোধিত থাকলে সুদের হার অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট ঋণ পুনঃতফশিলীকরণ (Re-schedule) করে নিতে পারবেন।

(ঞ) ঋণগ্রহীতার চাকুরীকাল শেষ হবার পূর্বেই গৃহনির্মাণ ঋণ এককালীন পরিশোধ এর ক্ষেত্রে পরিশোধ এর তারিখে ঋণের অপরিশোধিত আসল ও অপরিশোধিত সুদসহ সকল অর্থ ঋণগ্রহীতা পরিশোধ করবেন।

(ট) ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে তিনি বিষয়টি অনতিবিলম্বে বাস্তবায়নকারী সংস্থা এবং অর্থ বিভাগ বিভাগকে অবহিত করবেন।

(ঠ) ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে আদেশ জারির তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে।

(ড) লিয়েন শেষে মূল চাকুরীতে যোগদানের পর রিপেমেন্ট শিডিউল পুনঃতফশিলীকরণ (Re-schedule) করে অর্থ বিভাগ বরাবর সংশোধিত মঞ্জুরী আদেশ এর জন্য আবেদন করতে হবে।

(ঢ) কোন কারণবশতঃ Pay Point পরিবর্তন হলে ঋণগ্রহীতা অনতিবিলম্বে বিষয়টি বাস্তবায়নকারী সংস্থা এবং অর্থ বিভাগকে অবহিত করবেন এবং এ পরিবর্তনজনিত কারণে কিস্তি প্রদানে কোন জটিলতা দেখা দিলে তা নিরসনে উদ্যোগী হবেন।

(ণ) কোন ঋণগ্রহীতার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু কিংবা ফৌজদারি/দুর্নীতির মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে সাথে সাথে বিষয়টি তিনি অর্থ বিভাগকে এবং সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থাকে অবহিত করবেন।

(ত) মঞ্জুরীপত্রে কোন অস্পষ্টতা বা কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.২০৭.২২.০০১.২১-৮১৬ নম্বর পরিপত্রের বিধানাবলী পরিপালনযোগ্য হবে।

(থ) পরবর্তীতে কোনরুপ অসম্পূর্ণ অথবা অসত্য কিংবা নীতিমালার সাথে অসংগতিপূর্ণ তথ্য পরিলক্ষিত হলে এ আদেশ যেকোন সময় বাতিল করার ক্ষমতা অর্থ বিভাগ সংরক্ষণ করে।

(দ) মঞ্জুরীপত্রের মেয়াদ জারীর তারিখ হতে সর্বোর্চ্চ ৯০ দিন পর্যন্ত বলবৎ থাকবে।

(ধ) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.২০৭.২২.০০১.২১-৮১৬ নম্বর পরিপত্র মূলে জারিকৃত "সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা-২০১৮"এর প্রযোজ্য অন্যান্য শর্তাবলী প্রতিপালন করতে হবে।

২৮-১০-২০২৬
নাহিদ নিগার
সিনিয়র সহকারী সচিব

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.২০৯.০২.০১৩৪.২৬.৩৩৮/১ (৪)

তারিখ: ১২ কার্তিক ১৪৩৩ / ২৮ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন, সদর দপ্তর, ২২ পুরানা পল্টন, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [অর্থ বিভাগের Website-এ আপলোডের অনুরোধসহ]।
৪। মোঃ নূর আলম, লোকেমোটিভ মাস্টার গ্রেড-২, বিভাগীয় যন্ত্র প্রকৌশলীর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট।

২৯-১০-২০২৬
নাহিদ নিগার
সিনিয়র সহকারী সচিব